

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রকল্প পরিচালকের কার্যালয়  
শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন প্রকল্প (২য় পর্যায়)  
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর  
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ  
আইসিটি টাওয়ার (৬ষ্ঠ তলা), আগারগাঁও, ঢাকা-১২০৭

স্মারক নম্বরঃ ৫৬.০৪.০০০০.০০১.১৮.০০১.২০-০৯

তারিখ: ১৭ ভাদ্র, ১৪২৭ বঙ্গাব্দ  
০১ সেপ্টেম্বর, ২০২০ খ্রিস্টাব্দ

বিষয়ঃ ইন্টারনেট সংযোগ স্থাপনের জন্য শেখ রাসেল ডিজিটাল ল্যাব এর তালিকা ইউনিয়ন ভিত্তিক প্রণয়ন ও যাচাই।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, দেশব্যাপী গুণগত শিক্ষার মানোন্নয়নে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর এর আওতাধীন “সারাদেশের শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার ও ভাষা প্রশিক্ষণ ল্যাব স্থাপন” শীর্ষক প্রকল্পের মাধ্যমে সারাদেশে মোট ৪০০১টি “শেখ রাসেল ডিজিটাল ল্যাব” স্থাপন করা হয়েছে। যার মাধ্যমে গুণগত শিক্ষার মান নিশ্চিতকরণ, ৬ষ্ঠ থেকে একাদশ শ্রেণী পর্যন্ত ICT শিক্ষাদানসহ ভাষা প্রশিক্ষণ ল্যাবের মাধ্যমে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হয়েছে।

এছাড়াও বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল ও শিক্ষা মন্ত্রণালয়সহ শিক্ষা সংশ্লিষ্ট অন্যান্য বিভাগ/ কর্তৃপক্ষ কর্তৃক মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ে ল্যাব স্থাপন করা হয়েছে। বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস) এর সর্বশেষ তথ্যানুযায়ী ১৩,৫৩২ টি ল্যাব স্থাপনের পরিসংখ্যান পাওয়া যায়।

বর্তমানে ইনফো সরকার-৩ প্রকল্পের মাধ্যমে সকল কম্পিউটার ল্যাবে উচ্চগতির ইন্টারনেট সংযোগ স্থাপনের জন্য কার্যক্রম চলমান রয়েছে। এজন্য সকল ল্যাব এর তালিকা ইউনিয়ন ভিত্তিক প্রণয়ন ও যাচাই করা প্রয়োজন। ইউনিয়ন ভিত্তিক শেখ রাসেল ডিজিটাল ল্যাব এর তালিকা যাচাই ও প্রণয়নের ক্ষেত্রে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর এর জেলা কার্যালয় এ দায়িত্বপ্রাপ্ত প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামারগণকে সহযোগিতা করার জন্য ইনফো সরকার-৩ প্রকল্প থেকে জেলা পর্যায়ের দায়িত্বপ্রাপ্ত সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ারগণকে অনুরোধ করা হলো।

এমতাবস্থায়, শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন প্রকল্প (২য় পর্যায়) থেকে প্রেরিত তালিকা যাচাইপূর্বক ইউনিয়ন ভিত্তিক তথ্য আগামী ০৩/০৯/২০২০খ্রি: তারিখের মধ্যে (ইমেইলে প্রেরিত লিংক অনুযায়ী) প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

০১। প্রোগ্রামার / সহকারী প্রোগ্রামার (সকল), জেলা কার্যালয়,  
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।

RV ০১/০৯/২০২০

(মো: রেজাউল মাকসুদ জাহেদী)  
যুগ্মসচিব, অতিরিক্ত মহাপরিচালক  
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর

ও

প্রকল্প পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)  
ফোন-+৮৮০ ২৪১ ০২৪০৭৩/ ০২-৫৫০০৬৮২৬  
ই-মেইল: [jahedi6076@yahoo.com](mailto:jahedi6076@yahoo.com)

**অনুলিপিঃ সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)।**

১. মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।
২. প্রকল্প পরিচালক, ইনফো সরকার-৩ বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল।
৩. উপ-প্রকল্প পরিচালক, শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন প্রকল্প (২য় পর্যায়)।
৪. জেলা প্রশাসক (সকল)।
৫. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৭. উপজেলা নির্বাহী অফিসার (সকল)।
৮. জেলা শিক্ষা অফিসার (সকল)।
৯. সহকারী প্রোগ্রামার (সকল), উপজেলা কার্যালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।

১০. সহকারী প্রোগ্রামার (সকল), শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন প্রকল্প (২য় পর্যায়)।
১১. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, (সকল)।
১২. সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার, (সকল) জেলা পর্যায়, ইনফো সরকার-৩ প্রকল্প, বিসিসি (ইউনিয়ন ভিত্তিক শেখ রাসেল ডিজিটাল ল্যাব এর তালিকা যাচাই ও প্রণয়নের ক্ষেত্রে সহযোগিতা করার জন্য অনুরোধ করা হলো)।
১৩. অফিস কপি।